

কাঠালিয়ায় পিএসসিতে ফলাফল বিপর্যয়
১২ স্কুলে কেউ পাস
করেনি, অভিভাবকরা
হতাশ

■ মো. আবদুল হালিম, কাঠালিয়া (ঝালকাঠি) সংবাদদাতা

ঝালকাঠির কাঠালিয়ায় এবারের পিএসসি পরীক্ষায় ফলাফলে চরম বিপর্যয় ঘটেছে। ১২ বিদ্যালয়ে কেউ পাস করেনি। অভিভাবকরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন। এ বছর উপজেলার ১৩২ প্রাথমিক বিদ্যালয় থেকে ১৯৯৪ জন পিএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৫৪টি জিপিএ-৫ সহ উত্তীর্ণ হয়েছে ১৪৯৪ জন এবং ফেল করেছে ৪৭১ শিক্ষার্থী।

কেউ পাস করেনি এমন বিদ্যালয়গুলো হচ্ছে- উত্তর আওরাবুনিয়া কমিউনিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব জয়খালী কমিউনিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, বলতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, উত্তর ছিটকী সরকারি প্রাথমিক বিদ্যালয়, চৌধুরী হিস্যা সরকারি প্রাথমিক বিদ্যালয়, ছোট কৈখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, উত্তর ছোট কৈখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব ছিটকী উত্তর পাড় আদম সরকারি প্রাথমিক বিদ্যালয়, উত্তর আওরাবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধ্য আওরাবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব ছিটকী গুহগ্রাম কমিউনিটি সরকারি বিদ্যালয় ও উত্তর পূর্ব ছোট কৈখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়। এছাড়া অনেক বিদ্যালয়েই এক-দুইজন শিক্ষার্থী পাস করেছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মোকছদুর রহমান জানান, শিক্ষকরা সঠিকভাবে পাঠদান না করানোর জন্য এ ফলাফল বিপর্যয়। তবে খারাপ ফলাফল করা বিদ্যালয়গুলোকে চিঠি দিয়ে জবাব চাওয়া হবে এবং পরবর্তীতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
স্বাক্ষর/অনুস্বাক্ষর	
	স্বাক্ষর